



হলের দাবিতে জবির আন্দোলনকারী শিক্ষার্থীরা গতকাল পল্টন মোড় অবরোধ করে। (ইনসেটে) প্রতীকী ফাঁসির দৃশ্য

-সংবাদ

## হলের দাবিতে জবি শিক্ষার্থীদের পল্টন মোড় অবরোধ

- কাল শহীদ মিনারে সমাবেশ
- ক্লাসে ফেরার আহ্বান ভিসির

প্রতিনিধি, জবি

হলের দাবিতে পল্টন মোড় অবরোধ করে বিক্ষোভ মিছিল করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীরা। গতকাল আন্দোলনের ২৩তম দিনে ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট পালন করেন শিক্ষার্থীরা। এদিন কোন ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। কাল কেন্দ্রীয় শহীদ মিনারে সংহতি সমাবেশের ডাক দিয়েছেন তারা। এদিকে উদ্ভূত পরিস্থিতিতে বিকেলে নিজ বাসভবনে এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের ক্লাসে ফিরতে আহ্বান জানান জবি ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান। এ সময় ভিসি বলেন, শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে তিনিও একমত। বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলে শিক্ষার্থীদের আন্দোলনের পক্ষে মত দিয়েছেন তিনি। কারাগারের জমি চেয়ে সরকারের কাছে আবেদন জানিয়েছেন। সেখান থেকে কোন উত্তর পাওয়া যায়নি। তবে ক্লাস পরীক্ষা বন্ধ করে আন্দোলন করে শিক্ষার্থীরা নিজেদের ক্ষতি করছেন।

জবি : পৃষ্ঠা : ১৫ ক : ৭

## জবি : শিক্ষার্থীদের

(১ম পৃষ্ঠার পর)

বলে মনে করেন তিনি। ভিসি আরও বলেন, গতকাল সকাল ১১টায় তিনি শিক্ষামন্ত্রী সঙ্গে বৈঠকে বসেছিলেন। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন এবং আবাসিক হল নির্মাণের জন্য ২৭৪ কোটি টাকার একটি প্রকল্প একনেকে পাস হতে যাচ্ছে বলে শিক্ষামন্ত্রী তাকে নিশ্চিত করেছেন। এই প্রকল্প পাস হলে শিক্ষার্থীদের চাহিদামত হল নির্মাণ করা হবে। এমতাবস্থায় শিক্ষার্থীদের ক্লাসে ফিরে যাওয়ার আহ্বান জানান তিনি।

এদিকে সকাল ৮টার দিকে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শুরু করেন শিক্ষার্থীরা। সাড়ে ৯টার দিকে শিক্ষার্থীরা মিছিল নিয়ে ক্যাম্পাস থেকে বেরিয়ে যান। রায়সাহেব বাজার, তাঁতীবাজার এবং বংশালে কয়েকবার পুলিশের বাধার মুখে পড়েন শিক্ষার্থীরা। এসব বাধা অতিক্রম করে ১১টার দিকে পল্টন মোড়ে পৌঁছান তারা। সেখানেই সড়ক অবরোধ করে বিক্ষোভ করতে থাকেন। এ সময় পল্টন মোড়ের আশপাশে তীব্র যানজট লেগে যায়। শিক্ষার্থীরা আঙুন জ্বালিয়ে বিক্ষোভ করেন। হল চেয়ে বিভিন্ন প্লাকার্ড ও ব্যানার নিয়ে রাস্তায় বসে ও দাঁড়িয়ে মিছিল করেন তারা। কয়েকজন শিক্ষার্থী মঙ্গলবারের মতো সাদা কাপড় গায়ে পৌঁচিয়ে প্রতীকি কাফনের কাপড় পরে রাস্তায় শুয়ে পড়েন। দুপুর ২টার দিকে সড়ক অবরোধ তুলে নিয়ে ক্যাম্পাসে ফিরে যান শিক্ষার্থীরা।

গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে সংহতি সমাবেশ ডাক দিয়েছেন শিক্ষার্থীরা। সংহতি সমাবেশে বুদ্ধিজীবী, শিক্ষক এবং লেখকদের অংশগ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নতুন হল নির্মাণের সুস্পষ্ট ঘোষণার দাবিকে জোরদার করার আহ্বান জানিয়েছেন তারা।